

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 31-12-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্য সফরের শেষ দিনে অন্যতম শীর্ষ বিজেপি নেতা অমিত শাহ আজ বিধানসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে একাধিক বৈঠক করেছেন। ২০২৬-এ রাজ্যের ক্ষমতা থেকে তৃণমূল কংগ্রেসকে সরানোর আহ্বান জানিয়েছেন তিনি।

২) আসন্ন বিধানসভা নির্বাচনে রাজ্যের একাধিক আবাসনে ভোটগ্রহণ কেন্দ্র তৈরির প্রস্তুতি শুরু করেছে নির্বাচন কমিশন।

মুখ্য নির্বাচন কমিশনার এবং এ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে পুলিশের কাছে অভিযোগ দায়ের করাকে পূর্ব পরিকল্পিত এবং আধিকারিকদের ভয় দেখানোর প্রচেষ্টা বলে বিবৃতি দিয়েছে কমিশন।

৩) রাজ্যের পরবর্তী মুখ্য সচিব হচ্ছেন নন্দিনী চক্রবর্তী।

৪) ২০২৫ সালের আজ শেষ দিন। সারা দেশের সঙ্গে এ রাজ্যের মানুষও উৎসাহ উদ্দীপনার সঙ্গে নতুন বছরকে স্বাগত জানাতে প্রস্তুত।

৫) ২০১৮-র পর কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রার নিরিখে আজই ছিল শীতলতম দিন।

২০২৬-এর বিধানসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজও রাজ্যে দলীয় নেতা, কর্মীদের সঙ্গে

বৈঠক করেছেন। কলকাতার সায়েন্স সিটি অডিটোরিয়ামে দলের কলকাতা জোনের কার্যকর্তাদের সঙ্গে সম্মেলনে অংশ নেন তিনি। বৈঠক করেন তিনি। বৈঠকে রাজ্যে দলীয় সংগঠনের বর্তমান অবস্থা, দলীয় কর্মীদের সক্রিয়তা এবং বুথ স্তর পর্যন্ত সংগঠনকে শক্তিশালী করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে বলে সূত্রের খবর। জানা গেছে ঘরোয়া ঐ বৈঠকে শ্রী শাহ বলেছেন, আসন্ন বিধানসভা নির্বাচন রাজ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং দলকে প্রতিটি স্তরে পূর্ণ প্রস্তুতি নিয়ে মাঠে নামতে হবে। তিনি সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনা করে সংগঠনের মধ্যে সমন্বয় ও শৃঙ্খলার উপর বিশেষ জোর দিয়েছেন। ২৬-এর নির্বাচনে প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে অনেক বেশি সতর্ক হচ্ছে কেন্দ্রীয় নেতৃত্ব। এর আগে সকালে কলকাতার একটি হোটেলে দলের সাংসদ-বিধায়কদের সঙ্গে বৈঠক করেন তিনি। তিনি পৃথকভাবে কথা বলেন রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ এর সঙ্গেও। ছিলেন রাজ্যের দায়িত্বপ্রাপ্ত ভূপেন্দ্র যাদব, সুনীল বনসল, বিপ্লব দেব। সূত্রের খবর, বৈঠকে আলাদাভাবে সবার কথা শোনেন শাহ।

দলীয় বৈঠকে শেষে শ্রী শাহ দুপুরে ঠনঠনিয়া কালিবাড়ি দর্শনে যান, সেখানে পূজার্চনাতেও অংশ নেন তিনি।

২০২৬ সালে তৃণমূল কংগ্রেসকে রাজ্যের ক্ষমতা থেকে উৎখাতের বার্তা দিয়েছেন বলে বিজেপি নেতা শিশির বাজোয়রিয়া জানিয়েছেন।

বাইট



রাজ্য সফররত কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-কে হুমকি দেওয়ার অভিযোগে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর তীব্র সমালোচনা করেছে বিজেপি। ভুবনেশ্বরে এক সাংবাদিক বৈঠকে বিজেপির জাতীয় মুখপাত্র সম্বিত পাত্র বলেন, বাঁকুড়ায় এক জনসভায় মুখ্যমন্ত্রী যা বলেছেন, তা নিন্দনীয়। রাজ্যে তিনি একনায়কতন্ত্র চালাচ্ছেন বলেও অভিযোগ করেন তিনি।

এর জবাব বাংলার মানুষ নির্বাচনে দেবে বলে মন্তব্য করেন শ্রী পাত্র।

(বাইট-সম্বিত পাত্র)

আসন্ন ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে রাজ্যের একাধিক আবাসনে ভোটগ্রহণ কেন্দ্র তৈরীর প্রস্তুতি শুরু করেছে নির্বাচন কমিশন। প্রাথমিক তালিকা অনুযায়ী, রাজ্যে শতাধিক আবাসনের মধ্যেই বুথ তৈরির সম্ভাবনা তৈরি হয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে খবর। গতকাল এই সংক্রান্ত বিষয় নিয়ে রাজ্যের আট জেলা নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠক করেন ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী। বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের আধিকারিকরাও। কমিশন সূত্রে জানানো হয়েছে, আবাসনের মধ্যে যে বুথগুলি তৈরি হবে, সেগুলি আকার ও পরিকাঠামোর দিক থেকে অন্যান্য সাধারণ বুথের মতোই হবে। নির্বাচন কমিশনের প্রাথমিক হিসেব অনুযায়ী, এখনও পর্যন্ত পাওয়া তথ্যের ভিত্তিতে অন্তত শতাধিক আবাসনে বুথ বসানোর পরিকল্পনা করা হচ্ছে। তবে আগামী এক সপ্তাহের মধ্যেই আবাসনের মধ্যে মোট কতগুলি বুথ তৈরি হবে, তার চূড়ান্ত সংখ্যা নির্ধারিত হয়ে যাবে বলে জানানো হয়েছে। ভোটারদের সুবিধার কথা মাথায় রেখে বুথ তৈরি করা প্রয়োজন


বলে মনে করছে কমিশন। পাশাপাশি ভোটারদের যাতায়াতের অসুবিধা কমানো এবং অংশগ্রহণ বাড়াতেই এই উদ্যোগ বলেও জানা গেছে।

SIR প্রক্রিয়া নিয়ে মুখ্য নির্বাচন কমিশনার এবং পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে পুলিশের কাছে দু'টি অভিযোগ দায়ের হওয়ার প্রেক্ষিতে নির্বাচন কমিশন কঠোর প্রতিক্রিয়া ব্যক্ত করেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে জারি করা এক বিবৃতিতে ওই অভিযোগগুলিকে পূর্বপরিকল্পিত, ভিত্তিহীন এবং আধিকারিকদের ভয় দেখানোর প্রচেষ্টা বলে অভিহিত করা হয়েছে। নির্বাচন তথা SIR প্রক্রিয়াকে চাপে ফেলে পথভ্রষ্ট করার উদ্দেশ্যেই এই ধরনের ভীতি প্রদর্শনের কৌশল বলে উল্লেখ করে, সেই চেষ্টা সফল হবে না বলেই বিবৃতিতে স্পষ্ট জানানো হয়েছে।

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর শুনানি পর্বের কাজ সরেজমিনে খতিয়ে দেখতে আজ হাওড়া জেলায় পৌঁছেছে রাজ্য সফররত নির্বাচন কমিশনের প্রতিনিধি দল। কমিশন সূত্রে জানা গিয়েছে, সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতী এবং প্রিন্সিপাল সেক্রেটারি এস বি জোশি হাওড়া জেলার একাধিক শুনানি কেন্দ্র পরিদর্শন করেন।

SIR প্রক্রিয়া নিয়ে বিভ্রান্ত সৃষ্টি করার জন্য রাজ্যের বেশ কিছু প্রশাসনিক আধিকারিক ষড়যন্ত্র করছেন বলে অভিযোগ তুলে ভোট কর্মী ও BLO ঐক্য মঞ্চ আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল

কে চিঠি দিয়েছে। এর পাশাপাশি SIR এর কাজে বাধা দেবার জন্য শাসক দলের বিধায়ক অসিত মজুমদার কে গ্রেপ্তার ও বয়স্ক এবং অক্ষম ভোটারদের সুবিধার জন্য বিশেষ পদক্ষেপ নেওয়ার অনুরোধ জানানো হয়েছে।



তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ১০ সদস্যের প্রতিনিধি দল আজ নতুন দিল্লিতে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার-সহ কমিশনের ফুল বেঞ্চার সঙ্গে সাক্ষাৎ করেন। প্রায় আড়াই ঘণ্টা ধরে বৈঠক চলে। পরে সাংবাদিকদের অভিষেক জানান, বেঞ্চার সঙ্গে ১০টি বিষয়ে তাঁদের কথা হয়েছে। যদিও সব প্রশ্নের সঠিক উত্তর তাঁরা পান নি বলে দাবী করেন তিনি।

উল্লেখ্য, দলে ছিলেন- মন্ত্রী মানস ভুঁইয়া, প্রদীপ মজুমদার চন্দ্রিমা ভট্টাচার্য, রাজ্যসভার নেতা ডেরেক ও'ব্রায়েন, সাংসদ ঋতব্রত বন্দ্যোপাধ্যায় প্রমুখ।



কেন্দ্রীয় সরকার বাংলাদেশ থেকে নিপীড়নের শিকার হয়ে এদেশে পালিয়ে আসা হিন্দুদের নাগরিকত্ব দিতে বন্ধপরিকর বলে বিজেপি জানিয়েছে। দলের রাজ্য মুখপাত্র দেবজিত সরকার আজ আকাশবাণীকে জানান, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ গতকাল সাংবাদিক বৈঠকে এই বিষয়টি আরও স্পষ্ট করে দিয়েছেন।

বাইট দেবজিত্



আজকের প্রসঙ্গে আজ শুনবেন নতুন ভারত তৈরিতে দেশের যোগাযোগ ব্যবস্থা নিয়ে কেন্দ্রীয় সরকারের বিশেষ উদ্যোগ সংক্রান্ত আলোচনা। আলোচনায় অংশ নিয়েছেন পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক দীপ্তিময় দত্ত, মেট্রো রেলের প্রিন্সিপাল চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার অসীম কুমার মজুমদার এবং প্রযুক্তিবিদ তথা আর্থিক বিশ্লেষক সুদীপ্ত গুহ। তাদের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আজ রাত সাড়ে নটায় অনুষ্ঠানটি শোনা যাবে গীতাঞ্জলি প্রচার তরঙ্গে। শোনা যাবে আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও।



রাজ্যের পরবর্তী মুখ্যসচিব হিসাবে বরিষ্ঠ আইএএস আধিকারিক নন্দিনী চক্রবর্তীকে নিয়োগ করা হয়েছে। ১৯৯৪ ব্যাচের এই আইএএস আধিকারিক এর আগে পশ্চিমবঙ্গ সরকারের স্বরাষ্ট্র সচিব হিসাবে দায়িত্বে ছিলেন।

উল্লেখ্য, আজ রাজ্যের মুখ্যসচিব ডক্টর মনোজ পন্থ অবসর গ্রহণ করলেন।




২০২৫ কে বিদায় জানিয়ে নতুন বছরকে স্বাগত জানাতে প্রস্তুত সারা দেশের সঙ্গে এ রাজ্যও। পুরনো আর নতুনের সন্ধিক্ষণে দাঁড়িয়ে ফেলে আসা বছরের স্মরণীয় কিছু ঘটনার সারনী নিয়ে আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট



২০১৮ র পর আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা সব থেকে কম রেকর্ড করা হয়েছে। সর্বনিম্ন তাপমাত্রার নিরিখে আজি ছিল কলকাতায় শীতলতম দিন। কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা আজ রেকর্ড করা হয় ১১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে দুই দশমিক আট ডিগ্রি কম। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় স্বাভাবিকের থেকে ৫ দশমিক ৩ ডিগ্রি কম ২০ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াস।



দেশে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পগুলির সুদের হার অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। চলতি আর্থিক বছরে চতুর্থ ত্রৈমাসিকে আগামী পয়লা জানুয়ারি থেকে ৩১ শে মার্চ ২০২৬ পর্যন্ত সুদের হার অপরিবর্তিত থাকবে। অর্থমন্ত্রকের বাজেট ডিভিশনের, অর্থনীতি বিষয়ক দপ্তরের তরফে আজ এই মর্মে এক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

